



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ২৪শে এপ্রিল, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দিনব্যাপী তৃতীয় শ্রেণীর কর্মচারীদের নিয়ে বিশ্ববিদ্যালয়ের সুশাসন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকাল ৯ ঘটিকায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলমের সঞ্চালনায় ও আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন শাবির সমাজকর্ম বিভাগের প্রফেসর ড. আ ক ম মাহবুবুজ্জামান, রেজিস্ট্রার মোঃ ইশফাকুল হোসাইন ও হিসাব দপ্তরের পরিচালক আ ন ম জয়নাল আবেদীন।

এ সময় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সহায়ক কর্মচারীদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয়ের সার্বিক মান উন্নয়নের জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি কর্মচারীদের সময় মত অফিসে আসার এবং সততার সাথে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, “অফিসের কোন কাজ ফেলে রাখা যাবে না। সততার পুরস্কার আল্লাহ অবশ্যই আপনাদের দিবেন। বিশ্ববিদ্যালয়ের সবার স্বার্থ সংরক্ষণের জন্যই আমি আমার শতভাগ দিচ্ছি। বিশ্ববিদ্যালয়ের সবার জন্যই আবাসনের ব্যবস্থা করা হবে।”

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস সহায়ক কর্মচারীদের উদ্দেশ্যে বলেন, আপনাদের সকল কাজে দক্ষ হতে হবে। সেই লক্ষ্যেই আপনাদের কাজ করতে হবে। আর আপনাদের দক্ষতা বাড়াতেই আমাদের এই প্রশিক্ষণের আয়োজন।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড.মোঃ আশরাফুল আলম বলেন, বিশ্ববিদ্যালয়ের কোয়ালিটি ঠিক করাই আইকিউএসির কাজ। বিশ্ববিদ্যালয়ের মূল অংশ ছাত্র। বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম ছাত্রদের জন্যই। আপনারা সকলেই ছাত্রদের বিভিন্নভাবে সাহায্য করে আসছেন। আপনি আপনার কাজ কিভাবে দক্ষতার সাথে করলে ছাত্র-শিক্ষকগণ উপকৃত হবেন সেটাই আজকের প্রশিক্ষণের আলোচনা হবে।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।